

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১৪, ২০১৭

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারাঁও, ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ : ২৯ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ/১২ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

নং ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭.৩৪৫।—নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯
এবং নির্বাচন কমিশন (কার্যপ্রণালী) বিধিমালা, ২০১০ এর বিধি ৩ এর উপবিধি (২) অনুসারে নিম্নরূপ
“সীমানা পুনর্নির্ধারণ, জাতীয় এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠান নির্বাচন প্রস্তুতি এবং উপকারভোগী পর্যায়ে
আলোচনা বিষয়ক কমিটি” গঠন করা হল :

- | | | |
|-----|-------------------------------------------------------------|--------------|
| (১) | মোঃ রফিকুল ইসলাম, মাননীয় নির্বাচন কমিশনার | - সভাপতি |
| (২) | যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয় | - সদস্য |
| (৩) | যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয় | - সদস্য |
| (৪) | যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-২), নির্বাচন কমিশন সচিবালয় | - সদস্য |
| (৫) | উপসচিব (নির্বাচন পরিচালনা-২), নির্বাচন কমিশন সচিবালয় | - সদস্য |
| (৬) | উপসচিব (নির্বাচন সহায়তা ও সরবরাহ), নির্বাচন কমিশন সচিবালয় | - সদস্য-সচিব |

কমিটি প্রয়োজনে কমিশনের যে কোন কর্মকর্তাকে কমিটিতে কো-অপ্ট করতে পারবে।

কমিটির কার্যপরিধি :

- (ক) নির্বাচনি সীমানা নির্ধারণ কার্যক্রম পরিচালন এবং আপত্তি মীমাংসার উপর পরামর্শ
প্রদান;
- (খ) জাতীয় সংসদ এবং গুরুত্বপূর্ণ নির্বাচনি তফসিল প্রণয়ন এবং যাবতীয় প্রস্ততিমূলক
কার্যক্রমের উপর পরামর্শমালা প্রস্ততকরণ এবং কমিশনের সভা-সেমিনার ইত্যাদি
আয়োজনে পরিকল্পনা প্রণয়ন;

(৬৬২৯)

মূল্য : টাকা ৮.০০

- (গ) রাজনৈতিক দল এবং নির্বাচন সংশ্লিষ্ট সংগঠনের সাথে বৈঠকের এবং বৈঠকপ্রস্তুত আলোচনার প্রক্রিতে করণীয় বিষয় নির্ধারণে পরামর্শ প্রদান;
- (ঘ) নির্বাচন পর্যবেক্ষণে দেশি ও বিদেশি পর্যবেক্ষকদের জন্য নীতিমালা প্রণয়ন এবং তাদেরকে সহযোগিতা বিষয়ক পরামর্শ প্রদান;
- (ঙ) নির্বাচন আচরণ বিধি পরিবীক্ষণ কর্মকাণ্ড কার্যকরের উপর সুপারিশ প্রণয়ন; এবং
- (চ) কমিশন সচিবালয় এবং মাঠ পর্যায়ের দণ্ডরঞ্জনের পরিদর্শনের কর্মসূচি প্রণয়ন, প্রতিবেদন মূল্যায়ন, নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯ অনুসারে গবেষণা কার্যক্রম পরিচালন এবং তাঁর উপর ভিত্তি করে ও নথি ব্যবস্থাপনা ও সার্বিক উন্নয়নের এবং বাস্তবসম্মত সংস্কারকরণের পরামর্শ প্রদান।

২। নির্বাচন সহায়তা ও সরবরাহ অধিশাখা নির্বাচন কমিশনের উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

প্রধান নির্বাচন কমিশনারের আদেশক্রমে

ফরহাদ আহমদ খান
উপসচিব (সংস্থাপন)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd